

ভোনের কাগজ

তারিখ ... 17 MAR 1998

পৃষ্ঠা ৭০ কলাম ৫

**মাধ্যমিক স্তরের পাঠ্যসূচিতে
সংবিধান অন্তর্ভুক্তির বিষয়টি
সরকারের বিবেচনাধীন**

শিক্ষামন্ত্রী

কাগজ প্রতিবেদক : শিক্ষামন্ত্রী এ এস এইচ কে সোদেক বলেছেন, মাধ্যমিক পর্যায়ে পাঠ্যসূচিতে সংবিধান অন্তর্ভুক্তির বিষয়টি বিবেচনা করা হবে। গতকাল সংসদে পান্না কায়সারের এক নোটিশের জবাবে তিনি একথা বলেন। পান্না কায়সার বর্তমান প্রজন্মের মধ্যে সত্যিকার দেশপ্রেম অনুরিত করার জন্য মাধ্যমিক পর্যায়ে সংবিধান পাঠ্যসূচির অন্তর্ভুক্তি করার দাবি জানিয়েছেন।

শিক্ষামন্ত্রী জানান, বর্তমানে বয়স, সিলেবাস বিবেচনা করে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে সামাজিক বিজ্ঞান, পৌরনীতি ও রাষ্ট্রবিজ্ঞানে সংবিধানের ইতিহাস, মূলনীতি ইত্যাদি অন্তর্ভুক্ত রয়েছে। এছাড়া আইনের ছাত্রদেরও সংবিধান পড়ানো হয়। তিনি বলেন, অনার্সের পাঠ্যসূচি নির্ধারণ করে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল। সব বিষয়ের অনার্সের পাঠ্যসূচিতে সংবিধান অন্তর্ভুক্তির ব্যাপারে বিশ্ববিদ্যালয়গুলোর উপাচার্যদের সঙ্গে আলাপ করার আশ্বাস দেন তিনি। শিক্ষামন্ত্রী বলেন, ডিম্বি পেলেই কেউ সংবিধান বিশেষজ্ঞ হয় না। এজন্য অনেক জ্ঞান ও পড়া প্রয়োজন।